

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ২৫১৭

আগরতলা, ৪ অক্টোবর, ২০১৮

রাজ্যে পেট্রোল ও ডিজেলের মূল্য লিটারে ৫ টাকা
করে কমছে : কেন্দ্র ও রাজ্যের ইতিবাচক সিদ্ধান্ত

কেন্দ্রীয় সরকার পেট্রোল ও ডিজেলের মূল্য প্রতি লিটারে আড়াই টাকা করে হ্রাস করার ঘোষণার পর রাজ্য সরকারও জ্বালানির শুল্ক প্রতি লিটারে ২ টাকা ৫০ পয়সা করে কমানোর সিদ্ধান্ত নিয়েছে। জ্বালানির উপর থেকে শুল্ক হ্রাসের কেন্দ্র ও রাজ্য সরকারের জনমুখী সিদ্ধান্তের ফলে ত্রিপুরায় পেট্রোলের মূল্য উল্লেখযোগ্যভাবে প্রতি লিটারে ৫ টাকা করে কমবে।

উল্লেখ্য, দেশের মধ্যে যে কয়েকটি রাজ্যে পেট্রোপন্যের মূল্য কম তাদের মধ্যে ত্রিপুরা অন্যতম। এখন এই জ্বালানির মূল্য প্রতি লিটারে আরও ৫ টাকা করে হ্রাস পাচ্ছে। এই ঘোষণা আজ মধ্যরাত অর্থাৎ ৫ অক্টোবর ২০১৮ থেকে কার্যকর হবে।

এর আগে কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলি ঘোষণা করেন যে কেন্দ্রীয় সরকার পেট্রোপন্যের অন্তঃ শুল্কের উপর থেকে ১ টাকা ৫০ পয়সা হ্রাস করছে এবং অতিরিক্ত ১ টাকা অয়েল মার্কেটিং কোম্পানিগুলি (ও এস লি) বহন করবে। এরফলে সব মিলিয়ে তেলের মূল্য প্রতি লিটারে ২ টাকা ৫০ পয়সা করে কমছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী রাজ্য সরকারগুলিকেও জ্বালানির উপর থেকে ভ্যাট সমপরিমাণ মূল্যে হ্রাস করার জন্য অনুরোধ জানান। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের নেতৃত্বে রাজ্য মন্ত্রিসভাও পেট্রোল ও ডিজেলের উপর থেকে রাজ্যের কর প্রতি লিটারে ২ টাকা ৫০ পয়সা করে কমানোর দ্রুত ইতিবাচক সিদ্ধান্ত নিয়েছে।
